তারিখ ... ৫/৯/৯১ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

৫২

**দৈনিক সংবাদ**

62

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# পরীক্ষা পেছানোর দাবীতে বিক্ষোভ

( নিজস্ব বার্তা পরিবেশক )

চট্টগ্রাম, ৪ঠা সেপ্টেম্বর।—দফায় দফায় পিছিয়ে দেয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের পরীক্ষা পুনরায় পেছানোর দাবীতে আজ ছাত্ররা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। গতকালও তৃতীয় বর্ষের ছাত্ররাও অনুরূপ দাবী জানায় এবং প্রক্টর ও উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করে। নবনিযুক্ত প্রক্টর বলেছেন, আগামীকাল বৃহস্পতিবার অনুষ্ঠেয় বিভাগীয় শিক্ষকদের সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।